



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক(ট্রাফিক),চবক এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০২/২০১৭

তারিখ -০৯/০২/২০১৭ইং।

বিষয়ঃ- পরিচালক (ট্রাফিক), চবক এর দপ্তর কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি নং-৪২/২০১৬ তাং-১১/১২/২০১৬ মূলে আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর স্বাভাবিক ভাড়ার ০২ (দুই) গুণ হারে আরোপিত রেন্ট প্রত্যাহার প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে এফসিএল (আমদানীকৃত) কন্টেইনারের সংখ্যা ইয়ার্ডসমূহের ধারণ ক্ষমতার অধিক হওয়ায় বন্দর অভ্যন্তরে স্থান সংকটসহ স্বাভাবিক কর্মকান্ড পরিচালনায বিঘ্ন সৃষ্টি হওয়ায় প(প),চবক এর বিজ্ঞপ্তি নং- ৪২/২০১৬ তারিখ-১১/১২/২০১৬ এর মাধ্যমে Regulations for Working of Chittagong Port (Cargo & Container),2001 এর ১৬০ নং ধারার আলোকে ২৬/১২/২০১৬ইং তারিখ হতে আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর স্বাভাবিক ভাড়ার ০২ (দুই) গুণ হারে রেন্ট আরোপ করা হয়। বর্তমানে পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ায় এবং আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টগণ এফসিএল কন্টেইনার চট্টগ্রাম বন্দর থেকে দ্রুত ডেলিভারী গ্রহণের আশ্বাস প্রদান করে ০২(দুই) গুণ হারে আরোপিত রেন্ট প্রত্যাহারের অনুরোধের প্রেক্ষিতে উক্ত পেনালরেন্ট ১২/০২/২০১৭ইং তারিখ হতে প্রত্যাহার করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবিচ্ছিন্ন উন্নত সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদেরকে চট্টগ্রাম বন্দর থেকে আমদানীকৃত এফসিএল স্ব-স্ব কন্টেইনারসমূহ তাদের নির্ধারিত ডিপোতে স্থানান্তর অথবা সরাসরি ডেলিভারী নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

পরিচালক (ট্রাফিক)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ